

সূফা

প্ৰিন্ট: ১৪ অক্টোবৰ ২০২৫, ১১:৩০ এএম

শিক্ষাজ্ঞান

চাকসু নিৰ্বাচন

নজর কেড়েছে সুফি মতাদর্শের অহিংস ঐক্য প্যানেল



চবি প্ৰতিনিধি

প্ৰকাশ: ১৩ অক্টোবৰ ২০২৫, ১০:৩৪ পিএম



অহিংস ঐক্য প্যানেলের প্রার্থীরা।

সরেজমিন দেখা যায়, বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার চত্বর ও বুদ্ধিজীবী চত্বরে প্যানেলের প্রার্থীরা প্রচারণা চালান। এতে অংশ নেন অহিংস শিক্ষার্থী ঐক্য মনোনীত পূর্ণাঙ্গ প্যানেলে ভিপি পদপ্রার্থী মুহাম্মদ ফরহাদুল ইসলাম এবং এজিএস পদপ্রার্থী শহীদুল ইসলাম শাহেদ। এ সময় উপস্থিত ছিলেন প্যানেলের অন্যান্য সম্পাদকীয় পদের প্রার্থীরা।

সাধারণ শিক্ষার্থীদের মাঝে অহিংস শিক্ষার্থী ঐক্য মনোনীত পূর্ণাঙ্গ প্যানেলে প্রার্থীদের প্রচারণা বেশ সাড়া ফেলেছে। প্রার্থীরাও ভোট চেয়ে সাধারণ শিক্ষার্থীদের দ্বারে দ্বারে ঘুরছেন।

একটি গ্রহণযোগ্য নির্বাচন হবে বলে আশাবাদী প্যানেলের ভিপি পদপ্রার্থী মুহাম্মদ ফরহাদুল ইসলাম। তিনি বলেন, সাধারণ শিক্ষার্থীদের প্রতিনিধিত্ব করতে আমরা চাকসু নির্বাচনে অংশ নিয়েছি। আমরা চাই, সাধারণ শিক্ষার্থীরা তাদের ভোটাধিকার প্রয়োগ করুক। শেষ মুহূর্তে আমরা সাধারণ শিক্ষার্থীদের মাঝে প্রচারণা চালিয়ে বেশ সাড়া পাচ্ছি। আশা করি, একটা গ্রহণযোগ্য নির্বাচন হবে।

শেষ মুহূর্তের প্রচারণায় সাধারণ শিক্ষার্থীদের আগ্রহ বেড়েছে বলে জানিয়েছেন প্যানেলের নির্বাহী সদস্য পদপ্রার্থী মুহাম্মদ সাব্বির রহমান। তিনি বলেন, আমরা সবার কাছে পৌঁছানোর চেষ্টা করছি। আশা করি-সাধারণ শিক্ষার্থীরা আমাদের তাদের মূল্যবান ভোট দিয়ে নির্বাচনে জয়যুক্ত করবেন।

এর আগে ৯ অক্টোবর সহিংসতাবিরোধী মূল্যবোধকে ধারণ করে ১৬ দফা ইশতেহার ঘোষণা করেছে অহিংস শিক্ষার্থী ঐক্য প্যানেল। বিশ্ববিদ্যালয়ে সাধারণ শিক্ষার্থীদের প্রতিনিধিত্ব নিশ্চিত এবং শিক্ষা ও গবেষণার সুষ্ঠু পরিবেশ তৈরির লক্ষ্যে ১৬ দফা ইশতেহার ঘোষণা করা হয়।

রেটিং সিস্টেম চালু, নারীদের জন্য সার্বিক নিরাপত্তা নিশিত করা, সার্টিফিকেট ও অন্যান্য কাগজপত্র বিনা ফিতে সংশোধন, চাকসু ভবনে কম্পিউটার ল্যাব স্থাপন, ক্যাম্পাস এলাকার প্রতিটি গুরুত্বপূর্ণ পয়েন্টে নিরাপত্তা বুথ ও নিরবচ্ছিন্ন ওয়াই-ফাই জোন স্থাপন, মেধাভিত্তিক বৃত্তির সংখ্যা ও অর্থ বৃদ্ধি, আর্থিকভাবে অসচ্ছল ও বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের প্রয়োজনীয় সহায়তা প্রদান, অ্যান্থ্রোপোলজি সেবা বৃদ্ধি ও দ্রুতকরণ, কেন্দ্রীয় খেলার মাঠের পাশাপাশি সবগুলো হলের মাঠ সংস্কারপূর্বক নিয়মিত খেলাধুলা আয়োজন, হতাশা, দুশ্চিন্তা ও মানসিক অস্থিরতা দূরীকরণে অভিজ্ঞ সাইকোলজিস্টের মাধ্যমে নিয়মিত কাউন্সিলিং এর ব্যবস্থা করা এবং ‘অহিংস শিক্ষার্থী ঐক্য’ প্যানেলকে নির্বাচিত করলে মাসিক প্রতিবেদন প্রকাশের মাধ্যমে শিক্ষার্থীদের নিকট প্রত্যেক প্রতিনিধির জবাবদিহিতা নিশ্চিত করা হবে, ইনশাআল্লাহ।

গত ২১ সেপ্টেম্বর দুপুর ১টার দিকে চবির বুদ্ধিজীবী চত্বরে ‘অহিংস শিক্ষার্থী ঐক্য’ নামে পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করা হয়। প্যানেলের সম্পাদকীয় পদে নির্বাচনে অংশ নিবেন খেলাধুলা ও ক্রীড়া সম্পাদক পদে খায়রুল আমীন হৃদয়, সহ-খেলাধুলা ও ক্রীড়া সম্পাদক মুহাম্মদ ফয়সাল হোসেন, সাহিত্য, সংস্কৃতি ও প্রকাশনা সম্পাদক পদে মুহাম্মদ এহছানুল হক, সহ-সাহিত্য, সংস্কৃতি ও প্রকাশনা সম্পাদক পদে মুহাম্মদ ইমরান হোসেন, দপ্তর সম্পাদক পদে এস এম আলী হোসাইন জিসান, সহ-দপ্তর সম্পাদক পদে মুহাম্মদ ইব্রাহীম রুবেল, সমাজসেবা ও পরিবেশ সম্পাদক পদে জাকিয়া সুলতানা, গবেষণা ও উদ্ভাবন বিষয়ক সম্পাদক পদে মুরিদুল হাসান মুরাদ, বিজ্ঞান ও তথ্য-প্রযুক্তি বিষয়ক সম্পাদক পদে সৈয়দা সুরাইয়া হোসাইন, ছাত্রীকল্যাণ বিষয়ক সম্পাদক পদে জান্নাতুন নাঈম খুকি, সহ-ছাত্রীকল্যাণ বিষয়ক সম্পাদক পদে মিসফাতুল জান্নাত, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক পদে মুহাম্মদ তারেক হাসান, মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন বিষয়ক সম্পাদক পদে মুহাম্মদ জহির উদ্দীন, ক্যারিয়ার ডেভেলপমেন্ট ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক পদে জুলহাসনাইন সায়েম, যোগাযোগ ও আবাসন বিষয়ক সম্পাদক পদে ইসমাইল

চাকসুতে নির্বাহী সদস্য পদে দৌলতুল ইসলাম সাকলাইন, তাউছিফুর রহমান, হানিফ ইসলাম, মুহাম্মদ সাইদুল ইসলাম এবং মুহাম্মদ সাব্বির রহমান নির্বাচনে অংশ নেবেন।

